গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০০.০০৮.১১.০০০১.২৪- ৪২৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (**http://doict.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | অফিস সহায়ক (গ্রেড-২০) বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ৪৯৭ (চারশত সাতানব্বই) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। | সকল জেলা |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. **উক্ত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১৮/০৮/২০২৫ তারিখে ১৮-৩২ এর মধ্যে হতে হবে**। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। তবে পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

ছ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

জ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫' এবং 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হবে;

ঝ. **অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না;**

ঞ. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://doict.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৮/০৮/২০২৫; সকাল ১০:০০ টা।**
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৭/০৯/২০২৫; বিকাল ০৫:০০ টা।**